

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৮.১৫- ২০৭৬,


তারিখঃ ২৪/০২/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ ৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৮.১৫-৬১, তারিখঃ ১৮-০২-২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতিটি জেলা কার্যালয়ে ০১টি করে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় এবং তা ব্যবহারের জন্য সূত্রে উল্লিখিত পত্রের ১০ ও ১১নং অনুচ্ছেদে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু গভীর উদ্বিগ্নের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, উর্ধ্বতন কর্তৃপক্ষ বিভিন্ন জেলায় পরিদর্শনকালে অবগত হয়েছেন যে নির্দেশনা অনুযায়ী ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার হচ্ছে না এবং অনেক জেলায় কম্পিউটার প্রশিক্ষকগণ এ বিষয়ে অবগত নন। যা মোটেই কাম্য নয়।

বর্ণিত অবস্থায় সূত্রে উল্লিখিত পত্রের ১০ ও ১১ নং অনুচ্ছেদের নির্দেশনা যথাযথ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া কম্পিউটার এবং ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ কোর্স ছাড়াও অন্য যেকোন প্রশিক্ষণে অভিজ্ঞ কর্মকর্তার মাধ্যমে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহারের জন্যও নির্দেশ প্রদান করা হলো। সেইসাথে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর যথাযথ ব্যবহার, নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য বলা হলো।

  
(মোঃ জাহাঙ্গীর আলম)  
পরিচালক(প্রশিক্ষণ)  
ফোনঃ ০২-৯৫৫৩২৮৮

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, .....(সকল জেলা)।  
০২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,  
.....(সংশ্লিষ্ট জেলা)।

অনুলিপিঃ

- ০১। যুগ্ম সচিব(প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
✓ ০২। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।  
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
০৪। অফিস কপি।